গাংনীর নওপাড়ায় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মাগফেরাত কামনায় মিলাদ ও দোয়া

গাংনীর নওপাড়ায় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জীবনের স্মৃতিচারণ ও তার রুহের মাগফেরাত কামনায় মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। গাংনীর কাথুলী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপি আয়োজিত মিলাদ মাহফিলে পবিত্র কোরআন ও হাদিস থেকে আলোচনা করেন, মাওলানা মোঃ আমিরুল ইসলাম।

দোয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালের অবসরপ্রাপ্ত শিক্ষক ও বিশিষ্ট বিএনপি’র প্রবীণ নেতা আব্দুর রউফ। দোয়া পরিচালনা করেন, নওপাড়া বড় মসজিদের ইমাম মাওলানা মোঃ শফিকুল ইসলাম।

তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও জাতীয়তাবাদী দল বিএনপি’র চেয়ারপারসন মরহুমা খালেদা জিয়ার স্মৃতিচারণমূলক বক্তব্য রাখেন, গাংনী থানা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আব্দুর রউফ, কাথুলী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক রবিউল ইসলামসহ অনেকে।

দোয়া ও মিলাদ পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন, ইউনিয়ন বিএনপি’র সাবেক প্রচার সম্পাদক কাজল ও মহিত।

দোয়া অনুষ্ঠানে স্থানীয় বিএনপি’র নেতাকর্মী, সমর্থকসহ গণ্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

দর্শনায় বেগম খালেদা জিয়ার

রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া

দর্শনায় জাতীয়তাবাদী শ্রমিকদলের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে আছরের নামাজের পর দর্শনা মুক্তমঞ্চে এ দোয়া মাহফিল আয়োজন করা হয়। দলের নেতা-কর্মীরা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি ও সুস্থতার জন্য দোয়া করেন।

দোয়া পরিচালনা করেন দর্শনা কেন্দ্রী জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল আজাদ।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শ্রমিকদলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মোঃ মশিউর রহমান, সমন্বয়ক লুৎফর রহমান, মাহবুবুর উল ইসলাম খোকন, রেজাউল হক, জেলা শ্রমিকদলের সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ ফারুখ, আব্দুল মান্নান, সাবেক ভিপি হারুন অর রশিদ, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি তোফায়েল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, শ্রমিক নেতা আলমগীর হোসেন, আলাউদ্দিন, স্বেচ্ছাসেবক দলের মান্নান মাষ্টার, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মুফা, সাধারণ সম্পাদক পলাশ, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদ। সেখানে আরও দলের বিভিন্ন নেতা-কর্মীও উপস্থিত ছিলেন।

দর্শনায় বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায়

দোয়া

চুয়াডাঙ্গার দর্শনায় পৌর যুবদলের আয়োজনে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার আসরের নামাজের পর দর্শনা মুক্তমঞ্চে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে দলের নেতাকর্মীরা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি ও সুস্থতা কামনা করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, অন্যতম সমন্বয়ক মো. মশিউর রহমান, সমন্বয়ক মাহবুব উল ইসলাম খোকন, সমন্বয়ক লুৎফর রহমান, সমন্বয়ক ইকবাল হোসেন, সমন্বয়ক মোমিনুল ইসলাম, দর্শনা পৌর যুবদলের আহ্বায়ক ফারুক হোসেন, সদস্য সচিব জালাল উদ্দীন, যুগ্ম আহ্বায়ক জাহান আলী, যুগ্ম আহ্বায়ক আপু সুলতান, যুবদল নেতা রাকিবুল ইসলাম ব্রাইট, কৃষকদল নেতা হাতেম আলী, স্বেচ্ছাসেবক দলের মান্নান মাস্টার, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মুফা, সাধারণ সম্পাদক পলাশ, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদসহ দলের অন্যান্য নেতাকর্মীবৃন্দ।

মেহেরপুরের বারাদীতে বিএনপির স্মরণসভা ও দোয়া মাহফিল

মেহেরপুরের বারাদী ইউনিয়ন বিএনপির আয়োজনে বিএনপির প্রয়াত নেতৃবৃন্দের আত্মার মাগফিরাত কামনায় স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেল সাড়ে ৫টায় বারাদী ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বারাদী ইউনিয়ন বিএনপির সভাপতি

আফারুল ইসলাম ডাবলুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান।

এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ এবং থানা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী মেম্বার। আলোচনা ও দোয়া মাহফিল শেষে উপস্থিত নেতৃবৃন্দ বারাদী বাজারে একটি মিছিল বের করেন। পরে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের একটি সাক্ষাৎকার প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল।

ঢাকায় আবুল কাশেম মাস্টারের স্মরণসভা ও দোয়া অনুষ্ঠান

হাটবোয়ালিয়া আঞ্চলিক কমিউনিটি ফোরামের আয়োজনে ঢাকায় আবুল কাশেম মাস্টারের স্মরণসভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

গতকাল শনিবার (১৬ আগস্ট) বিকেলে রাজধানীর মোহাম্মদপুর ক্যামব্রিয়ান কলেজে ঢাকাস্থ হাটবোয়ালিয়া অঞ্চলের মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ফোরামের সভাপতি নাজমুল হুদা নূরের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মিজানুর রহমান হেলালের সঞ্চালনায় স্মরণসভায় ফোরামের উপদেষ্টা মনজুরুল হুদা, প্রফেসর আখতার হোসেন, সাবেক ডিআইজি ফজলুর রহমান, নুরুল হুদা ডিউক, আব্দুস সোবহান, তোফাজ্জেল হোসেন স্বপন, শরীফুল হুদা, সাবেক মেজর শহিদুল্লাহ, এ.কে. আজাদ, সুলতান বিশ্বাস, আবু হেনা, আব্দুল্লাহ আল মামুন প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা করেন এক্সিকিউটিভ কমিটির সদস্য নেছার উদ্দিন, মোস্তাফিজুর রহমান রেকর্ড, তারিকুল ইসলাম, আবু ইখতিয়ার হাশেমী রতন, মোজাম্মেল হক, খাদেমুল হক রাজু, সাকিল

আহমেদ, ফকরুল ইসলাম সেলিম, এম এ হাসান, রাশেদুল ইসলাম, আব্দুল গাফফার, আল বাশার, সোহেল রানা, আল ইমরানসহ অনেকেই।

ঐতিহাসিক গণঅভ্যুত্থান উপলক্ষ্যে দামুড়হুদায় বিএনপির প্রস্তুতিসভা ও দোয়া

আগামী ৫ আগষ্ট ঐতিহাসিক গণঅভ্যুত্থান পালনের প্রস্তুতিসভা ও দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল রহিমের মৃত্যুতে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলার বিএনপির আয়াজনে গতকাল রবিবার বেলা ৪ টার দিকে দলীয় অস্থায়ী কার্যালয়ে এই প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুরা উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আনছার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা মহিলা দলের সভানেত্রী ছালমা জাহান পারুল, সদস্য সচিব বেবি খাতুন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, কৃষক দলের যুগ্ন-আহ্বায়ক মতিন, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক,

সদস্য সচিব জাকির হোসেন, মৎস্যজীবি দলের আহ্বায়ক আব্দুল কাদের, সদস্য সচিব আমিরুল ইসলাম সহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের শতাধিক নেতাকর্মী।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দর্শনায় পৌর বিএনপি’র দোয়া মাহফিল

দর্শনা পৌর বিএনপি’র আয়োজনে ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মমার্ন্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত ও আহত সকলের সুস্থ্যতা কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা পুরাতন বাজার পৌর বিএনপি’র অস্থায়ী কাযার্লয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনা পুরাতন বাজার জামে মসজিদেরে পেশ ঈমাম নুরুল ইসলাম এ দোয়া ও মিলাদ মাহফিল পরিচালনা করেন। এসময় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও সাবেক পৌর বিএনপি’র সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

এছাড়া চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু তরফদার, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয়ক কমিটির সদস্য সাংবাদিক শরীফ উদ্দিন, বিএনপি নেতা সরোয়ার হোসেন, আব্দুর রাজ্জাক, সাবেক ছাত্র নেতা ফারুক হোসেনসহ ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক ও কৃষকদলের নেতা কর্মীরা দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দামুড়হুদায় বিএনপি’র দোয়া মাহফিল

ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত ও আহত সকলের সুস্থতা কামনায় দামুড়হুদা উপজেলা বিএনপি’র আয়োজনে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ আছর দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসায় এই দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তারসহ বিভিন্ন ইউনিয়নের শত শত নেতাকর্মী।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন, ডিএস দাখিল মাদ্রাসা মসজিদের ইমাম সোয়ায়েব হুসাইন।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুর জেলা বিএনপি’র দোয়া

ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের ওপর ঘটে যাওয়া মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের রুহের মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলে আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার (২২ জুলাই) বিকেল ৫টায় মুখার্জি পাড়া জেলা বিএনপির কার্যালয়ে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।
এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সদস্য আনসারুল হক, ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, আবুল বাশার, ওমর ফারুক লিটন, রুমানা আহমেদ, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লা এবং সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেমন।

দোয়া মাহফিলে মেহেরপুর জেলা বিএনপির নেতৃবৃন্দ, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মাইলস্টোন ট্র্যাজেডি: মুজিবনগরে আহত-নিহতদর জন্য দোয়া

বিমান বিধ্বস্তে আহত ও নিহতদের স্মরণে মেহেরপুরের মুজিবনগরে দোয়া মাহফিলের আয়োজন করেছে মানবিক সেবায় নিয়োজিত ব্লাড সোসাইটি।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে দারিয়াপুর বালিকা বিদ্যালয় ও ডঃ জামাল উদ্দিন মডেল একাডেমীর হলরুমে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ব্লাড সোসাইটি মেহেরপুর জেলা শাখার পরিচালক সোহাগ আলী, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম এবং ডঃ জামাল উদ্দিন মডেল একাডেমীর প্রধান শিক্ষক গোলাম মোর্তজা উপস্থিত ছিলেন।

দোয়া মাহফিলে দুই প্রতিষ্ঠানের বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। সকলেই আহতদের সুস্থতা ও নিহতদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাতে অংশ নেন।